# সন্ধি বিচ্ছেদ

মিরাজ সুলতান

## ⊞ সন্ধি সম্পর্কিত কিছু মৌলিক তথ্য:

* সন্ধি তৎসম/সংস্কৃত ভাষার শব্দ
* সন্ধি বাংলা ব্যাকরণের ধ্বনি তত্ত্বে আলোচনা করা হয়।
* সন্ধি শব্দটি প্রত্যয় সাধিত শব্দ।
* সন্ধি শব্দের প্রকৃতি-প্রত্যয় – সম্ + √ধা + ই (কৃৎ প্রত্যয়)
* সন্ধি শব্দের গঠন বা বিশ্লেষণ রূপ – সম্ + √ধা + ই
* সন্ধি শব্দের সন্ধি-বিচ্ছেদ – সম্ + ধি (ব্যঞ্জন সন্ধি)
* সন্ধি শব্দের অর্থ – মিলন, চুক্তি, সম্মিলন, ঐক্য
* সন্ধি হয় – দুটি ধ্বনি/বর্ণের
* সন্ধি শব্দের বিপরীত শব্দ – বিচ্ছেদ বা বিগ্রহ
* পাশাপাশি দুটি ধ্বনি বা বর্ণের মিলনকে সন্ধি বলে।
* ক্রিয়া ও অব্যয় পদের সন্ধি হয় না।

## ⊞ সন্ধির প্রয়োজনীয়তা:

১. ভাষাকে সংক্ষিপ্ত করে।
২. শব্দের উচ্চারণ সহজতর করে।
৩. শুদ্ধ বানান লিখতে সহায়তা করে।
৪. ধ্বনিগত মাধুর্য সাধন করে।

## ⊞ সন্ধির প্রকারভেদ:

* গঠন অনুযায়ী সন্ধিকে ২ ~~প্রকারে~~ ভাগে ভাগ করা যায়।

১. অন্তঃসন্ধি: একই শব্দের মধ্যে সন্ধি হলে তাকে বলে অন্তঃসন্ধি। যেমন – ভজ্ + তি – ভক্তি
ষষ্ + থ – ষষ্ঠ
দৃষ্ + তি – দৃষ্টি
(উপসর্গ বা প্রকৃতি-প্রত্যয় যোগে গঠিত।)

২. বহিঃসন্ধি: দুটি পৃথক অর্থবোধক শব্দের মধ্যে সন্ধি হলে তাকে বলে বহিঃসন্ধি। শত + এক – শতেক
হিম + আলয় – হিমালয়

* উৎস অনুযায়ী সন্ধিকে ২ ভাগে ভাগ করা যায়।
১. বাংলা সন্ধি
২. তৎসম সন্ধি

বাংলা সন্ধি কত প্রকার ও কি কি?
- ২ প্রকার। i) স্বরসন্ধি ii) ব্যঞ্জনসন্ধি

তৎসম সন্ধি কত প্রকার ও কি কি?
- ৩ প্রকার। i) স্বরসন্ধি ii) ব্যঞ্জন সন্ধি iii) বিসর্গ সন্ধি

সন্ধি চেনার উপায়:

প্রথমে সন্ধিকে ভাঙতে হবে।

২০তম প্রভাষক নিবন্ধন
কাঁদ + না → কান্না (বাংলা সন্ধি)

স্বর + স্বর = স্বরসন্ধি
স্বর + ব্যঞ্জন = ব্যঞ্জন সন্ধি
ব্যঞ্জন + স্বর = ব্যঞ্জনসন্ধি
ব্যঞ্জন + ব্যঞ্জন = ব্যঞ্জনসন্ধি

শব্দ ভাঙার পর মাঝখানে বিসর্গ (ঃ) থাকলেই সেটি বিসর্গসন্ধি

| স্বরসন্ধি | ব্যঞ্জনসন্ধি | বিসর্গসন্ধি |
|---|---|---|
| বিদ্যালয় = বিদ্যা + আলয় | ষড়ঋতু = ষট্ + ঋতু | নিশ্চয় = নিঃ + চয় |
| পরীক্ষা = পরি + ঈক্ষা | দুরন্ত = দুঃ + অন্ত | নির্ভয় = নিঃ + ভয় |
| নবান্ন = নব + অন্ন | উজ্জ্বল = উৎ + জ্বল | নীরস = নিঃ + রস |

## ✷ তৎসম শব্দের স্বরসন্ধি:

১। মূল শব্দের মাঝখানে "আ" থাকলে বিচ্ছেদের সময় ১ম শব্দের শেষে ও ২য় শব্দের শুরুতে অ/আ বসবে।

আ = অ/আ + অ/আ

উদাহরণ: ১ বিদ্যালয় = বিদ্য / বিদ্যা + অলয় + আলয়

বিদ্য → বিদ্যমান আছে এমন; বিদ্যা → শিক্ষা; অলয় → অর্থহীন; আলয় → ঘর/বাসস্থান

∴ বিদ্যালয় = বিদ্যা + আলয়

২ নরাধম = নর + অধম [অধম যে নর - উপমিত কর্মধারয়]

৩ হিমালয় = হিম + আলয়

৪ হিমাচল = হিম + অচল (আচল নয়)

৫ দ্বীপান্তর = দ্বীপ + অন্তর

৬ দ্বৈপায়ন = দ্বীপ + আয়ন [সন্ধি নয়, প্রকৃতি-প্রত্যয়ের]

৭ স্বাধীন = স্ব + অধীন [স্ব - নিজে, সহ - সাথে]

২। ঈ = ই/ঈ + ই/ঈ

উদাহরণ: ১ পরীক্ষা = পরি / পরী + ইক্ষা / ঈক্ষা

পরি → উপসর্গ; পরী → কাল্পনিক সুন্দরী রমণী; ঈক্ষা → দেখা / তাকানো / দৃষ্টিপাত করা

NOTE: ই/ঈ হবে, সেটা নির্ভর করে উচ্চারণের বানানের উপর:

৫টি শব্দে ঈ হয় - ঈক্ষা, ঈশ্বর, ঈক্ষণ, ঈশা, ঈপ্সা

② অতীত = অতি + ইত
উপসর্গ, শেষ/সমাপ্ত

③ রবীন্দ্র = রবি + ইন্দ্র

④ বারীন্দ্র = বারি + ইন্দ্র
পানি, দেবতা

⑤ সতীশ = সতী + ঈশ [সতী/নারী/কুমারী = ঈ-কার]

⑥ অভীপ্সা = অভি + ঈপ্সা
নিকট, পাওয়ার ইচ্ছা

৩। উ = উ/ঊ + উ/ঊ

উদাহরণ: ① লঘূর্মি = লঘু/লঘূ + ঊর্মি/উর্মি
হালকা/মৃদু, ঢেউ

② বহূক্তি = বহু + উক্তি

③ সাধূক্তি = সাধু + উক্তি

④ মরূদ্যান = মরু + উদ্যান

৪। এ = অ/আ + ই/ঈ

উদাহরণ: ① অপেক্ষা = অপ/অপা + ইক্ষা/ঈক্ষা
উপসর্গ, দেখা

② গঙ্গেশ্বর = গঙ্গা + ঈশ্বর

③ দেবেন্দ্র = দেব + ইন্দ্র

CamScanner

৫। ঐ = অ/আ + এ/ঐ

উদাহরণ: ১ জনৈক = জন/জনা + এক/ঐক

ব্যক্তি অর্থহীন ১/সম্মিলিত অর্থহীন

২ মতৈক্য = মত/মতা + এক্য/ঐক্য

পছন্দ অর্থহীন অর্থহীন একতা

৩ মহৈশ্বর্য = মহা + ঐশ্বর্য

৪ হিতৈষী = হিত + এষী

৬। ও = অ/আ + উ/ঊ

উদাহরণ: ১ শিল্পোন্নত = শিল্প/শিল্পা + উন্নত/ঊন্নত

অর্থহীন অর্থহীন

২ গঙ্গোর্মি = গঙ্গ/গঙ্গা + উর্মি/ঊর্মি

৩ নরোত্তম = নর + উত্তম

৪ হিতোপদেশ = হিত + উপদেশ

৫ মহোদয় = মহা + উদয়

৭। ঔ = অ/আ + ও/ঔ

উদাহরণ: ১ মহৌষধ = মহ/মহা + ওষধ/ঔষধ

অর্থহীন প্রবল/বিশাল অর্থহীন পথ্য

২ বনৌষধি = বন/বনা + ওষধি/ঔষধি

জঙ্গল অর্থহীন যে গাছ থেকে ঔষুধ তৈরি হয়

নানাগাছ একত্রে ফল দিলে মারা যায়

CamScanner

৮। (১) রেফ = অ/আ + ঋ

উদাহরণ: ① অধমর্ণ = অধম/অধমা + ঋণ
② তৃষ্ণার্ত = তৃষ্ণা/তৃষ্ণা + ঋত
পীড়িত

③ বন্যার্ত = বন্যা + ঋত   আর্ত – পীড়িত
④ রাজর্ষি = রাজা + ঋষি  [রাজা হয়েও যিনি ঋষির ন্যায় জীবনযাপন করেন]

৯। (১) য-ফলা = ই/ঈ + ই/ঈ বাদে বাকি স্বর

উদাহরণ: ① অত্যন্ত = অতি/অতী + অন্ত
② ইত্যাদি = ইতি + আদি
③ প্রত্যাবর্তন = প্রতি + আবর্তন
④ ব্যাকরণ = বি + আকরণ
⑤ ব্যুক্তি = বি + উক্তি
উপসর্গ

১০। র্য = পরি + অ/আ/উ

উদাহরণ: ① উপর্যুক্ত = উপরি/উপর্যি + উক্ত
② পর্যবেক্ষণ = পরি + অবেক্ষণ → পর্যালোচনা / দর্শন
③ পর্যাপ্ত = পরি + আপ্ত

২১। (ঘ) ব-ফলা = উ/ঊ + উ/ঊ বাদে বাকি স্বর

উদাহরণ: ① অন্বেষণ = অনু ✓ / অনূ ✗ (অর্থহীন) + এষণ

② পশ্বধম = পশু ✓ / পশূ ✗ + অধম

③ মন্বন্তর = মনু + অন্তর

④ স্বাগত = সু + আগত

২২। ত্র = ঋ-কার + ঋ বাদে বাকি স্বর

উদাহরণ: ① ধাত্রী = ধাতৃ + ঈ

② পিত্রাদেশ = পিতৃ + আদেশ

③ মাত্রুপদেশ = মাতৃ + উপদেশ

২৩।

| অয় = এ | আয় = ঐ | অব = ও | আব = ঔ |
|---|---|---|---|
| ১. নয়ন = নে + অন | ~~১. গায়ক = গৈ + অক~~ | ১. গবাদি = গো + আদি | ১. নাবিক = নৌ + ইক |
| ২. শয়ন = শে + অন | ১. গায়ক = গৈ + অক | ২. গবেষণা = গো + এষণা | ২. পাবক = পৌ + অক |
| | ২. নায়ক = নৈ + অক | | |
| | ৩. | | |

## নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি:

১. অন্যোন্য = অন্য + অন্য (~~অন্যান্য~~)
২. পারোক্ষ = পর + অক্ষ (~~পারাক্ষ~~)
৩. কুলটা = কুল + অটা (~~কুলাটা~~)

## গৈবানিক:

গল্প-১: কুলটা, গবাক্ষ ও মার্তণ্ডসহ স্বৈর সীমন্ত দলের অন্যোন্যরাও গবেন্দ্র সারঙ্গের কথায় প্রৌঢ় বয়সে এসে শুদ্ধোদন হয়ে অক্ষৌহিনীকে পারোক্ষভাবে ~~প্রেরণ~~ প্রেষণের দ্বারা রক্তোষ্ঠ ও বিম্বোষ্ঠ করতে সমর্থ হলেন।

গল্প-২: শুদ্ধোদনের ২ ছেলে গবেন্দ্র ও গবেশ্বর এর সাথে যথাক্রমে বিম্বোষ্ঠ ও রক্তোষ্ঠ ২ মেয়ের বিয়ে দেন। বিয়ের কয়দিন না যেতেই স্বৈরিণী বউরা কুলটা ও প্রৌঢ় পুরুষদের সাথে গবাক্ষে বসে মার্তণ্ডের দিকে তাকিয়ে সারঙ্গ দৌড় দেখছে। এই দেখে ২ ছেলে স্বৈরভাবে অক্ষৌহিনী দিয়ে সীমন্তে প্রেষণ করেন।

## তৎসম শব্দের ব্যঞ্জনসন্ধি

১। **৩ = ১** | গ, জ, ড(ড়); দ, ব → ক, চ, ট, ত(ৎ), প

উদাহরণ:
১. বৃহদন্ত = বৃহৎ + অন্ত
২. বাগধারা = বাক্ + ধারা
৩. ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র
৪. ণিজন্ত = ণিচ্ + অন্ত

২। **৫ = ম** | ঙ, ঞ, ণ, ন, ম (ং) → ম

উদাহরণ:
১. অহংকার = অহম্ + কার
২. সঞ্চয় = সম্ + চয়
৩. সাম্বণ = সাম্ + বণ
৪. সন্তাপ = সম্ + তাপ

৩। **৫৫ = ১৫** | ন্ম, ন্ম, ম্ম, ন্ন ... → ২৫

উদাহরণ:
১. উন্নত = উৎ + নত
২. জগন্নাথ = জগৎ + নাথ
৩. মৃন্ময় = মৃৎ + ময়
৪. বাঙ্ময় = বাক্ + ময়

ব্যতিক্রম:
১. কিন্নর = কিম্ + নর
২. সন্ন্যাস = সম্ + ন্যাস
৩. সম্মান = সম্ + মান

৪। **দ্বিত্ব ব্যঞ্জন (৫ শব্দে) = ৎ/দ**   NB. তৎ/তদ্ ও উৎ/উদ (← অন্তিতদ্ রূপ)

উদাহরণ:
১ উচ্চারণ = উৎ + চারণ
২ উজ্জ্বল = উৎ + জ্বল
৩ বিপচ্চয় = বিপদ্ + চয়
৪ বিপজ্জনক = বিপদ্ + জনক

৫। **দ্ধ = ৎ/দ + হ**

উদাহরণ:
১ তদ্ধিত = তৎ + হিত
২ পদ্ধতি = পদ্ + হতি
৩ উদ্ধার = উৎ + হার

৬। **চ্ছ =** (i) চ উঠিয়ে দিয়ে
(ii) চ এর পরিবর্তে ৎ/দ বসিয়ে
(iii) চ এর পরিবর্তে ৎ ও ছ এর পরিবর্তে শ বসিয়ে

উদাহরণ:

| ১ বিচ্ছেদ = | ২ উচ্ছেদ = | ৩ উচ্ছ্বাস = |
|---|---|---|
| বি + ছেদ ✓ | উ + ছেদ ✗ | উ + চ্ছাস ✗ |
| বিৎ + ছেদ ✗ | উৎ + ছেদ ✓ | উৎ + ছ্বাস ✗ |
| বিৎ + শেদ ✗ | উৎ + শেদ ✗ | উৎ + শ্বাস ✓ |

৪ উচ্ছৃঙ্খল = উৎ + শৃঙ্খল

CamScanner

৭। ষ্ট = ষ্ + ত / ষ্ঠ = ষ্ + থ

উদাহরণ: ① কষ্ট = কষ্ + ত
② নষ্ট = নষ্ + ত
③ নিষ্ঠা = নিষ্ + থা
④ ষষ্ঠ = ষষ্ + থ

৮। বিশেষ নিয়মে ব্যঞ্জনসন্ধি - মুখস্থ

টেকনিক: "সংস্কার পরিষ্কারের উত্থান চলছে"

সংস্কার = সম্ + কার
সংস্কৃত = সম্ + কৃত
সংস্কৃতি = সম্ + কৃতি
পরিষ্কার = পরি + কার
পরিষ্কৃত = পরি + কৃত
উত্থান = উৎ + স্থান
উত্থাপন = উৎ + স্থাপন
উত্থাপিত = উৎ + স্থাপিত

৯। নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি

টেকনিক: ষোড়শী মনীষার একাদশে বৃহস্পতি তা দেখিয়া আশ্চর্য হরিশচন্দ্রের বাগেশ্বরী তস্কর, গোষ্পদ ও দ্যুমণি দ্যুলোকের পশ্চার্ধের দ্বাদশ পতঞ্জলি।

২০২১

## ⊞ তৎসম বিসর্গ সন্ধি:

* বস্তুত বিসর্গ (ঃ) বিভিন্ন ধ্বনির সংক্ষিপ্ত রূপ = র্ এবং স্ এর
* বিসর্গ সন্ধি কত প্রকার - ২ প্রকার। র্-জাত এবং স্-জাত বি
* বিসর্গ সন্ধি কয়ভাবে সাধিত হয় - ২ ভাবে,
  ক) বিসর্গ + স্বর    খ) বিসর্গ + ব্যঞ্জন

১। শ, স, ষ, র, রেফ (ʼ), ও-কার = ঃ

শর্টকাট: ও সরাও

উদাহরণ: ① অধোগতি = অধঃ + গতি
② অন্তরঙ্গ = অন্তঃ + অঙ্গ
③ অন্তর্গত = অন্তঃ + গত
④ অহরহ = অহঃ + অহ
⑤ দুষ্প্রাপ্য = দুঃ + প্রাপ্য
⑥ নমস্কার = নমঃ + স্কার
⑦ শিরচ্ছেদ = শিরঃ + ছেদ
⑧ পুনরায় = পুনঃ + আয়

ব্যতিক্রম:
নীরক্ত = নিঃ + রক্ত
নীরব = নিঃ + রব
নীরস = নিঃ + রস
নীরোগ = নিঃ + রোগ
অতএব = অতঃ + এব
দুস্থ = দুঃ + স্থ

২। (ঃ) বিসর্গ থাকলে

উদাহরণ: ① অধঃপতন = অধঃ + পতন
② অন্তঃসত্ত্বা = অন্তঃ + সত্ত্বা
③ নিঃশ্বাস = নিঃ + শ্বাস
④ মনঃকষ্ট = মনঃ + কষ্ট
⑤ শিরঃপীড়া = শিরঃ + পীড়া